নিদর্শ - ৮

[নিয়ম -১৩(৩) ও -২৬ দ্রষ্টব্য]

নির্বাচক তালিকায় অন্তর্ভুক্ত লিখনের ত্রুটি-সংশোধনের জন্য আবেদনপত্র

সম্প্রতি তোলা সম্পূর্ণ মুখমণ্ডলের সম্মুখ দিকের পাসপোর্ট - সাইজ (৩.৫ সে.মি. X ৩.৫ সে.মি.) ফোটোগ্রাফ লাগানোর জায়গা

.... বিধানসভা নির্বাচনক্ষেত্রের

নির্বাচক নিবন্ধন আধিকারিক সমীপে

মহাশয়/ মহাশয়া,

উল্লিখিত বিধানসভা নির্বাচনক্ষেত্রের নির্বাচক তালিকায় আমার নিজের সম্পর্কে যে-লিখন আছে, তা সঠিক নয় এবং আমি সেটির সংশোধনের জন্য আবেদন করছি। আমার আবেদনের সমর্থনে প্রয়োজনীয় তথ্যাদি নীচে দেওয়া হল:

১। আবেদনকারীর বৃত্তান্ত	নাম (Name)		পদবি (থাকলে) {Surname (if any)}
	বাংলায়		
	(In English Block Capital Letters)		

নির্বাচক তালিকার অংশ নং:	উক্ত অংশে নামের ক্রমিক নং:			
বয়স: ১ জানুয়ারি ....# তে	বছর:	মাস:		লিঙ্গ (পুং/স্ত্রী/তৃতীয় লিঙ্গ)
জন্মতারিখ (জানা থাকলে)	তারিখ:	মাস:	সাল:	

* পিতার/মাতার/ স্বামীর নাম	নাম (Name)		পদবি (থাকলে){Surname (if any)}
	বাংলায়		
	(IN ENGLISH BLOCK CAPITAL LETTERS)		

২। বর্তমানে সাধারণ ভাবে বসবাসের স্থানের বিবরণ (পুরো ঠিকানা) (বাংলা ও ইংরাজী ব্লক ক্যাপিটাল লেটারে):	
বাড়ির নং / (House/Door Number):	
সরণি / এলাকা / পাড়া / মহল্লা / রাস্তা (Street/Area/ Locality /Mohalla/Road):	
শহর / গ্রাম (Town / Village) :	
ডাকঘর (Post Office) :	পিন কোড (Pin Code) :
থানা (Tehsil / Taluka / Mandal / Thana):	
জেলা (District):	

৩। নির্বাচকের সচিত্র-পরিচয়পত্রের বিবরণ (এই বা অন্য কোনও নির্বাচনক্ষেত্রে প্রদত্ত হলে)
নির্বাচকের সচিত্র-পরিচয়পত্রের নং:
বিধানসভা নির্বাচনক্ষেত্রের নাম:
৪। যেসব লিখন সংশোধন করতে হবে
*আমার নাম / * আমার বয়স / *পিতার নাম / *মাতার নাম / *স্বামীর নাম / *লিঙ্গ / *ঠিকানা / *সচিত্র-পরিচয়পত্রের নং এই নিদর্শে প্রদত্ত উপরোক্ত তথ্য অনুযায়ী সংশোধন করতে হবে।

স্থান:

তারিখ: আবেদনকারীর সই বা টিপসই

আপনার মোবাইল ফোন নম্বর/ই-মেল আইডি থাকলে অনুগ্রহ করে এখানে লিখে দিন (ইচ্ছাধীন)/...

দ্রষ্টব্য: কোনও ব্যক্তি যদি এমন কোনও বিবৃতি দেন বা ঘোষণা করেন যা মিথ্যা, বা যা তিনি মিথ্যা বলে জানেন বা বিশ্বাস করেন, অথবা সত্য বলে বিশ্বাস করেন না, তা হলে তিনি ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ধারা-৩১ মতে দণ্ডনীয় হবেন (১৯৫০ সালের ৪৩ নম্বর)।

সালটি লিখুন, যেমন- ২০১৪, ২০১৫ ইত্যাদি।

* অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন ।

গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিবরণ
(সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিককে পূরণ করতে হবে)

নির্বাচক তালিকায় অন্তর্ভুক্ত লিখনের ত্রুটি-সংশোধনের জন্য শ্রী/শ্রীমতী/কুমারী ....-র/এর ৮ নং নিদর্শে প্রদত্ত আবেদনপত্রটি গ্রহণ*/খারিজ* করা হল।

[১৮* /২০*/২৬(৪)£ নম্বর নিয়ম মোতাবেক] *গ্রহণ অথবা [১৭*/২০*/২৬(৪)£ নম্বর নিয়ম মোতাবেক] *খারিজের যেসব কারণ দর্শানো হয়েছে সেসবের বিশদ বিবরণ:

স্থান:

তারিখ:

নির্বাচক নিবন্ধন আধিকারিকের স্বাক্ষর (নির্বাচক নিবন্ধন আধিকারিকের শিলমোহর)

* অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন ।
£ নির্বাচক তালিকার চূড়ান্ত প্রকাশের পরে ধারাবাহিক সংশোধনের ক্ষেত্রে

ফিল্ডলেভেল অফিসার (যেমন - বিএলও, ডেজিগনেটেড অফিসার, সুপারভাইজরি অফিসার)-এর মন্তব্য

[নিদর্শ-৮ পরবর্তী অংশ.......]

[এই পৃষ্ঠাটি যথেষ্ট পুরু হতে হবে যাতে ডাকপথে পৃষ্ঠাটি ছিঁড়ে না যায়/ক্ষতিগ্রস্ত না হয়]

গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবগতিপত্র

এই পৃষ্ঠায় দ্বিতীয় অংশটি সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিককে পূরণ করতে হবে এবং প্রথম অংশে উল্লিখিত আবেদনকারীর দেওয়া ঠিকানায় পাঠাতে হবে ।

....ভাঁজ ....

প্রথম অংশ

পাঠানোর সময় নির্বাচক নিবন্ধন আধিকারিককে ডাকমাশুল স্ট্যাম্প লাগাতে হবে।

নিদর্শ-৮-এ প্রদত্ত............

** শ্রী / শ্রীমতী / কুমারী ____-র /এর আবেদনপত্রটি

**(পুরো ঠিকানা):							
বাড়ির নং:							
রাস্তা / এলাকা / পাড়া:							
শহর / গ্রাম:							
ডাকঘর: পিন কোড:							
থানা:							
জেলা:							

**আবেদনকারীকে পূরণ করতে হবে ।

.... দ্বিতীয় ভাঁজ ....

দ্বিতীয় অংশ

ক) গ্রহণ করা হল এবং ________ নং বিধানসভা কেন্দ্রের ________ নং অংশের ________ ক্রমিক নং-এর লিখনটি যথাযথ ভাবে সংশোধন করা হল ।

খ) ____ কারণে খারিজ করা হল ।

তারিখ: ______________

নির্বাচক নিবন্ধন আধিকারিক
ঠিকানা ____________
____
____

.... আলাদা করার জন্য অনুক্রমিক ছিদ্র ....

আবেদনপত্রের প্রাপ্তিস্বীকার

নিদর্শ-৮-এ প্রদত্ত ** শ্রী / শ্রীমতী / কুমারী ________________________________-র /এর আবেদনপত্রটির প্রাপ্তিস্বীকার করা হল।

** ঠিকানা ....

তারিখ: ______________

নির্বাচক নিবন্ধন আধিকারিকের
পক্ষে আবেদনপত্র গ্রহণকারী
আধিকারিকের স্বাক্ষর
ঠিকানা ________________
____

** আবেদনকারীকে পূরণ করতে হবে ।

আবেদন জানানোর জন্য নিদর্শ-৮ (ফর্ম-৮) কী ভাবে পূরণ করতে হবে সেই সংক্রান্ত নির্দেশিকা

সাধারণ নির্দেশাবলি

কে নিদর্শ-৮ (ফর্ম-৮)-এ আবেদন জানাতে পারেন ?

১। ভোটার তালিকায় নাম আছে এমন কোনও ব্যক্তিই কেবল ভোটার তালিকায় ছাপা তাঁর নিজের সম্পর্কে লিখনের ত্রুটি-সংশোধনের জন্য আবেদন জানাতে পারেন। কোনও ব্যক্তি অপর কোনও ব্যক্তির সম্পর্কে লিখনের ত্রুটি-সংশোধনের জন্য ফর্ম-৮-এ আবেদন জানাতে পারবেন না।

কখন নিদর্শ-৮ (ফর্ম-৮)-এ আবেদন জানানো যাবে ?

১। কোনও ব্যক্তি সম্পর্কে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত লিখনের ত্রুটি-সংশোধনের জন্য ফর্ম-৮ জমা করা যায়। বিধানসভা নির্বাচনক্ষেত্রের খসড়া ভোটার তালিকা প্রকাশের পর আবেদন জানানোর জন্য নির্দিষ্টকৃত দিনগুলিতে আবেদন জানানো যাবে। সংশোধনের কর্মসূচি ঘোষিত হলে আবেদনপত্র জমা নেওয়ার দিন-তারিখ জানিয়ে প্রচার চালানো হয়।

২। আবেদনপত্রের কেবল এক কপিই জমা করতে হবে।

৩। সংশোধনের কর্মসূচি চালু না-থাকলেও সারা বছর ধরেই প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় নিজের সম্পর্কে লিখনের ত্রুটি-সংশোধনের জন্য আবেদনপত্র জমা করা যায়। **তবে সেক্ষেত্রে আবেদনপত্রের দু'কপি জমা দিতে হবে।**

কোথায় নিদর্শ-৮ (ফর্ম-৮)-এ আবেদন জানানো যাবে ?

১। খসড়া ভোটার তালিকা প্রকাশের পরে সংশোধন চলা কালীন যে-বিনির্দিষ্ট স্থান (ডেজিগনেটেড লোকেশন)-এ খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়েছে, সেই স্থানে (বেশির ভাগ ক্ষেত্রেই যা হল একটি ভোটগ্রহণকেন্দ্র) আবেদনপত্র জমা করা যাবে। এ ছাড়াও, সংশ্লিষ্ট নির্বাচনক্ষেত্রের নির্বাচক নিবন্ধন আধিকারিক (ইআরও) এবং সহকারী নির্বাচক নিবন্ধন আধিকারিক (এইআরও)-এর কাছে তা জমা করা যাবে।

২। **বছরের যে-সময়ে সংশোধনের কর্মসূচি থাকে না, তখন কেবল সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিকের কাছেই আবেদনপত্র জমা করা যাবে।**

কী ভাবে নিদর্শ-৮ (ফর্ম-৮) পূরণ করতে হবে ?

১। বিধানসভা নির্বাচনক্ষেত্রের নির্বাচক নিবন্ধন আধিকারিকের সমীপে আবেদন জানাতে হবে। ফাঁকা জায়গাটিতে নির্বাচনক্ষেত্রের নাম লিখতে হবে।

২। ভোটার তালিকায় যে-ভাবে নিজের নামটি ছাপা হওয়া দরকার অনুগ্রহ করে আবেদনপত্রের অংশ-১-এ সেই ভাবেই নিজের নামটি লিখুন। যদি আপনার নামের আদ্যক্ষর দিয়ে আপনার নামটি ভোটার তালিকায় সংক্ষিপ্তকারে ছাপা হয়ে থাকে এবং আপনি ভোটার তালিকায় নামটি পূর্ণাঙ্গরূপে তুলতে চাইলে, আপনি আপনার নামটি পূর্ণাঙ্গরূপে লিখতে পারেন। পদবি ছাড়া পুরো নামটি প্রথম ঘরে এবং পদবি দ্বিতীয় ঘরে লিখতে হবে। পদবি না-থাকলে কেবল নামই লিখুন। নাম বা পদবির অঙ্গ হিসাবে বর্ণের উল্লেখের প্রচলন না-থাকলে বর্ণের উল্লেখ করবেন না। শ্রী, শ্রীমতী, কুমারী, খান, বেগম, পণ্ডিত, ইত্যাদি উপাধির উল্লেখের কোনও প্রয়োজন নেই।

৩। ভোটার তালিকার যে-অংশে এবং যে-ক্রমিক নম্বরে আপনার নাম নথিবদ্ধ আছে অনুগ্রহ করে সেই অংশ নং ও ক্রমিক নং পূরণ করুন। এটি বাধ্যতামূলক।

৪। **বয়স**
যে-বছরের ১ জানুয়ারিকে ভিত্তি-তারিখ ধরে ভোটার তালিকা ছাপা হয়েছে, অনুরূপ ভাবে আপনাকে উক্ত তারিখে আপনার বয়স কত তা বছর ও মাসে ভেঙে উল্লেখ করতে হবে। নির্বাচক তালিকার প্রতি পৃষ্ঠার নীচে ভিত্তি তারিখ উল্লিখিত আছে।

৫। **লিঙ্গ**
সংশ্লিষ্ট ঘরে আপনার লিঙ্গ, যেমন - পুরুষ / নারী পুরো লিখুন। EUNUCH কে পুরুষ বা নারী-র যে কোনো একটিকে বেছে নিতে হবে।

৬। **জন্মতারিখ (তথ্যভিত্তিক প্রমাণ-সহ)**
তারিখ-মাস-সালের ঘরে জন্মতারিখ সংখ্যায় লিখুন।

জন্মতারিখের প্রমাণস্বরূপ যে-সব নথির কোন একটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে সেগুলি হল:

১) উপযুক্ত পুর বা রেজিস্টার অব বার্থ অ্যান্ড ডেথ-এর জেলা কর্তৃপক্ষের দ্বারা প্রদত্ত জন্মের শংসাপত্র, অথবা ব্যাপ্টিজম সার্টিফিকেট, বা

২) আবেদনকারী সর্বশেষ যে-বিদ্যালয়ে পড়াশুনা করেছেন সেই সরকারি বা সরকার-স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানের দ্বারা প্রদত্ত জন্মের শংসাপত্র, বা

৩) দশম শ্রেণি বা তদূর্ধ্ব উত্তীর্ণ আবেদনকারীর ক্ষেত্রে দশম শ্রেণির মার্কশিট, যদি তাতে জন্মতারিখের উল্লেখ থাকে, বা

৪) অষ্টম শ্রেণি উত্তীর্ণ আবেদনকারীর ক্ষেত্রে ওই পরীক্ষার মার্কশিট, যদি তাতে জন্মতারিখের উল্লেখ থাকে, বা

৫) পঞ্চম শ্রেণি উত্তীর্ণ আবেদনকারীর ক্ষেত্রে ওই পরীক্ষার মার্কশিট, যদি তাতে জন্মতারিখের উল্লেখ থাকে, বা

৬) যে-সমস্ত আবেদনকারীর ক্ষেত্রে বিদ্যালয়ে পড়াশুনা না করার কারণে জন্মতারিখসহ নির্দিষ্ট শংসাপত্র নেই, সে-সমস্ত ক্ষেত্রে পিতা-মাতার যে-কোনও একজনের Annexure I নির্দিষ্ট বয়ানে (যা নিবন্ধন কর্তৃপক্ষের কাছে চাইলে পাওয়া যাবে) দেওয়া ঘোষণাপত্র। যে-সমস্ত ক্ষেত্রগুলিতে পিতা বা মাতার ঘোষণাপত্রকেই বয়সের প্রমাণ হিসাবে পেশ করা হচ্ছে সে-সমস্ত ক্ষেত্রে বয়স যাচাই করার জন্য আবেদনকারীকে অবশ্যই বি.এল.ও./এ.ই.আর.ও/ই.আর.ও-র কাছে ব্যক্তিগতভাবে উপস্থিত হতে হবে, বা

৭) দশম শ্রেণি পর্যন্ত পড়াশুনা না-করার কারণে এবং আবেদনকারীর পিতা-মাতার কেউই বেঁচে না-থাকায় সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান বা পুরসভা / পুরনিগমের সদস্যর দেওয়া বয়সের শংসাপত্র।

৮) ভারতীয় পাসপোর্ট।

৯) প্যান কার্ড।

১০) ড্রাইভিং লাইসেন্স।

১১) আধার (UIDAI কর্তৃক প্রদত্ত)।

লক্ষণীয়: বয়সের প্রমাণপত্র কেবলমাত্র ১৮ থেকে ২১ বছর বয়সের আবেদনকারীর ক্ষেত্রেই প্রয়োজন। অন্য সবক্ষেত্রে বয়স সংক্রান্ত আবেদনকারীর নিজস্ব ঘোষণাই বয়সের প্রমাণ হিসাবে গ্রাহ্য হবে।

৭। সম্পর্কিত ব্যক্তির নাম

আবেদনকারী একজন অবিবাহিত নারী হলে, পিতার/মাতার নাম উল্লেখ করতে হবে। আর বিবাহিত নারী হলে স্বামীর নাম উল্লেখ করতে হবে। অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন।

৮। সাধারণ ভাবে বসবাসের স্থান

আপনি যে-ঠিকানায় সাধারণ ভাবে বসবাস করেন, সংশ্লিষ্ট ভোটার তালিকায় ছাপা পিনকোড-সহ সেই ঠিকানাটি অনুগ্রহ করে আবেদনপত্রের অংশ-২-এর নির্দিষ্ট স্থানে পুরো লিখুন।

সাধারণ ভাবে বসবাসের স্থানের প্রমাণস্বরূপ যে-সকল নথির প্রতিলিপি জুড়তে হবে সেসব নিম্নরূপ:

ক) ব্যাঙ্ক / কিষাণ / পোষ্টঅফিসের কারেন্ট পাসবুক, বা

খ) আবেদনকারীর রেশন কার্ড/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/ইনকাম ট্যাক্স রিটার্ন জমা করার প্রমাণপত্র অথবা অ্যাসেসমেন্ট অর্ডার, বা

গ) ওই ঠিকানায় আবেদনকারী বা তাঁর নিকটতম সম্পর্কের কোনও ব্যক্তি, যেমন-পিতা/মাতা-এর নামে পাঠানো সাম্প্রতিক (Latest) জলের / টেলিফোনের / বিদ্যুতের / গ্যাস কানেকশনের বিল, বা

ঘ) ওই ঠিকানায় আবেদনকারীকে পাঠানো অথবা তাঁর পাওয়া ডাক বিভাগের ডাক।

লক্ষণীয়: গৃহহীন ব্যক্তিদের ক্ষেত্রে ফর্ম-৮-এ প্রদত্ত ঠিকানায় বিএলও রাতে গিয়ে দেখবেন যে প্রকৃতই ওই ব্যক্তি ফর্ম-৮-এ প্রদত্ত ঠিকানায় রাতে ঘুমান কি না। যদি বিএলও সত্যতা যাচাই করতে সমর্থ হন যে, ওই গৃহহীন ব্যক্তি প্রকৃতই ওই স্থানে ঘুমান, তাহলে বসবাসের ঠিকানার কোনও প্রমানপত্র লাগবে না। এই সত্যতা যাচাইয়ের জন্য বিএলও অবশ্যই একাধিক রাত ওই স্থানে যাবেন।

৯। সচিত্র-ভোটার কার্ডের বিবরণ

যদি ইতিমধ্যেই নির্বাচন কমিশন কর্তৃক আপনাকে সচিত্র-ভোটার কার্ড দেওয়া হয়ে থাকে, তা হলে কার্ডের (সম্মুখ ভাগে ছাপা) নম্বর এবং (পশ্চাৎ ভাগে ছাপা) প্রদানের তারিখটি উল্লেখ করুন। উপরন্তু, অনুগ্রহ করে কার্ডের উভয় ভাগের **স্ব-প্রত্যয়িত ফোটোকপি** সঙ্গে জুড়ে দিন।

১০। যেসব লিখনের সংশোধন করতে হবে

যেসব লিখনের সংশোধন করতে হবে, আপনাকে আবেদনপত্রের অংশ-৪-এ সেসবের সানুপুঙ্খ বর্ণনা দিতে হবে। তাই আবেদনপত্রের এই অংশটি খুবই গুরুত্বপূর্ণ। আবেদনপত্রের অংশ-১ থেকে অংশ-৩ পর্যন্ত জায়গায় আপনি আপনার নাম, বয়স, জন্মতারিখ, সম্পর্কিত ব্যক্তির নাম, লিঙ্গ, ঠিকানা এবং সচিত্র-ভোটার কার্ডের নং সংক্রান্ত সঠিক বৃত্তান্ত জানিয়েছেন। এই অংশে আপনার দেওয়া তথ্য অনুযায়ী যেসব লিখন সংশোধন করতে হবে সেসবের একেকটির উপর বোঝা যায় এমন ভাবে একটি করে টিক চিহ্ন দিন। যে লিখনগুলির সংশোধনের প্রয়োজন নেই, সেগুলি কেটে দিন।

দেশের অধিকাংশ জায়গাতেই এখন ভোটার তালিকায় ভোটারের ছবি ছাপা হয়। ভুল ছবি ছাপা হওয়ার কারণে তার সংশোধনের জন্য আবেদনকারী আবেদনপত্রের অংশ-৪-এ "আমার ফটোগ্রাফ" লিখে দিতে পারেন এবং সম্ভব হলে, আবেদনপত্রের সঙ্গে সম্প্রতি তোলা এক কপি রঙিন পাসপোর্টসাইজ ফটোগ্রাফও জুড়ে দিতে পারেন।

অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার/জ্ঞাতকরণ অংশে সম্পূর্ণ নাম ও ঠিকানা লিখবেন।

অনুগ্রহ করে আপনার মোবাইল নম্বর এবং ই-মেল (যদি ইচ্ছা করেন) লিখবেন, যাহাতে সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিক প্রয়োজন পড়লে আবেদনকারীর সঙ্গে যোগাযোগ করতে পারেন।